



আইআইইউসির ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের নবীনবরণ উৎসবে অতিথিবৃন্দ

আইআইইউসিতে নবীন বরণ ও বিদায় প্রদান অনুষ্ঠান

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের অন্তর্ভুক্ত 'ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেরি সোসাইটি'-এলস (মেইল) কর্তক আয়োজিত নবীনবরণ উৎসব ও বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান আইআইইউসির সেন্ট্রাল অডিটোরিয়ামে গত ২ আগস্ট অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের আরম্ভ হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের এসোসিয়েট প্রফেসর ডক্টর মুহাম্মদ আজিজুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য ও বিশ্ববিদ্যালয়ের ফিমেইল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী। গেস্ট অব হনার ছিলেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ডীন এবং বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের এসোসিয়েট প্রফেসর ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ ইফতেখার উদ্দিন এবং ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ সরওয়ার আলম। এছাড়াও ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ থেকে উপস্থিত ছিলেন ডক্টর মোহাম্মদ রিয়াজ মাহমুদ, সাজ্জাদুল করিম, প্রফেসর তাজ উদ্দীন, এসোসিয়েট প্রফেসর মোহাম্মদ ইউসুফ উদ্দীন খালেদ, আবু সালেহ নিজাম উদ্দীন, আবসার উদ্দীন মোরশেদুল আলম, আমির মোহাম্মদ খান। শেষে বক্তব্য রাখেন বিদায়ী ব্যাচের এজিএস এবং সিমার হাসনাত তানভীর। বক্তৃতা শেষে শুরু হয় সাংস্কৃতিক পর্ব। যার আয়োজনে ছিলেন ফজলুল করিম বাবু, এজিএস এবং মুহাম্মদ তানভীর হোসেন অয়ন। পুরো অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন আশরাফ-উর-জামান এবং মো: নিয়াজ মোরশেদ খান। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 04 August 2023, Page: 3, Col: 3

<https://edainikazadi.net/index.php?page=1&date=2023-08-4>